

নোটিশ


সূত্র: পিসিআইইউ/এক্সাম: ২২১০/০৭/০১

তারিখ: ০৭/১০/২০২২ ইং

বিষয়: ফল ২০২২ সেশনের মিডটার্ম পরীক্ষার প্রবেশ পত্র সংগ্রহ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফল ২০২২ সেশনের মিডটার্ম পরীক্ষা আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখে শুরু হতে যাচ্ছে। এটা লক্ষ্য করা যাচ্ছে যে, পরীক্ষার দিন প্রবেশ পত্র সংগ্রহের জন্য বিপুল সংখ্যক শিক্ষার্থী হিসাব বিভাগে ভিড় জমায় এবং তাদেরকে প্রবেশ পত্র সংগ্রহের জন্য দীর্ঘ সময় ধরে লাইনে অপেক্ষা করতে হয়। ফলশ্রুতিতে শিক্ষার্থীরা পরীক্ষার হলে অনেক বিলম্বে প্রবেশ করে এবং পরীক্ষার প্রশ্নের পূর্ণাঙ্গ উত্তর দেওয়ার জন্য তাদের হাতে যথেষ্ট সময় থাকে না।

- এই অসুবিধার কথা বিবেচনা করে, শিক্ষার্থীদেরকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে আগামী ১৬/১০/২০২২ ইং তারিখের মধ্যে তাদের বকেয়া পরিশোধ করে প্রবেশ পত্র সংগ্রহের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরীক্ষার দিন কোন প্রকার প্রবেশ পত্র বিতরণ করা হবে না।
- পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে শিক্ষকদের সাথে শিক্ষার্থীদের যোগাযোগের সুবিধার্থে সকল বিভাগীয় প্রধান ও এর সাথে সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দকে আগামী ১৩/১০/২০২২ ইং থেকে ১৬/১০/২০২২ ইং তারিখে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।


মো: সৈয়দ হোসেন
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- মাননীয় প্রতিষ্ঠাতা, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
- মাননীয় চেয়ারম্যান, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ট্রাস্ট

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

- মাননীয় উপাচার্য
- সকল ডীনবৃন্দ
- রেজিস্ট্রার
- সকল বিভাগীয় প্রধান/ সেকশন প্রধান/ কো-অর্ডিনেটর
- সকল শিক্ষকবৃন্দ
- নোটিশ বোর্ড
- অফিস কপি

